



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০২ জুন ২০১৮খ্রি.

সিটি মেয়রের সাথে স্মার্ট সিটি প্রসঙ্গে জাতিসংঘের বাংলাদেশের
সাবেক স্থায়ী প্রতিনিধি ও হুয়াওয়ে (Huawei) বাংলাদেশের প্রতিনিধিদের
মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে স্মার্ট সিটিতে রূপান্তরের পরিকল্পনা গ্রহণ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ। এ লক্ষে ২ জুন ২০১৮ খ্রি. শনিবার, দুপুরে নগরভবনে সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সহ বিভাগীয় প্রধানদের সাথে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি ড. আবুল মোমেন এর নেতৃত্বে হুয়াওয়ে (Huawei) টেকনোলজি বাংলাদেশ লি: এর বাংলাদেশ এন্টারপ্রাইজ বিজনেস গ্রুপের প্রেসিডেন্ট Yang Guo Bing, একাউন্ট ডাইরেক্টর Derek Sun ও আইটি বিশেষজ্ঞ এম এ মোমিন খান এবং তথ্য ও প্রযুক্তিবিদ মনির হাসান সৌজন্য সাক্ষাত এবং মতবিনিময় করেন। এ সময় হুয়াওয়ে (Huawei) টেকনোলজি বাংলাদেশ লি: এর প্রেসিডেন্ট চট্টগ্রাম নগরীকে স্মার্ট সিটিতে রূপান্তরের বিষয়ে নানা তথ্য উপাত্ত পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। তারা তাদের প্রযুক্তিতে এ কাজে মেয়রকে সহযোগিতার প্রস্তাব দেন। মেয়র তাদের প্রস্তাব বিবেচনার আশ্বাস দেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী, প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা মো. সাইফুদ্দিন, প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম ও আইটি অফিসার ইকবাল হাসানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন